

১৯তম সিটি কাউন্সিল ডিস্ট্রিক্ট

ক্রিসি ভোসকেৰিশিয়ান (Chrissy Voskerichian) (D)

হ্যালো। আমার নাম Chrissy Voskerichian এবং আসন্ন সিটি কাউন্সিল নির্বাচনে আমি নর্থইষ্ট কুইন্স থেকে প্রতিদ্বন্দ্বিতা করছি। আমার প্রার্থীতার কারণ আমার সমাজ ব্যবস্থায় এমন একজন লোকের আজ প্রয়োজন যিনি একযোগে সেবা দানে যেমন প্রস্তুত তেমনি সমাজের স্বার্থে উৎসর্গ করতে প্রস্তুত। আমার সারা জীবন কেটেছে নর্থইষ্ট কুইন্সে। আমার স্বামীর সাথে বিয়ের পর, আমরা বাড়ি ক্রয় করি আবার ডেলে যেখানে আমার শৈশব কেটেছে তার থেকে মাত্র দুই ব্লক পরে। এই সামাজ্যদেহে একটি পরিবার কিভাবে বেড়ে ওঠে আমি বুঝি, এবং এও বুঝি কিভাবে কোমল শিশুদের সুকুমার বৃত্তিগুলো পরিষ্কৃতি করতে হয় বা আমাদের অগ্রজাতুল্য ব্যক্তিবর্গের চিন্তাধারা বিকশিত করতে হয়। আমি যে বিদ্যালয়ে পড়েছি সে বিদ্যালয়েই আমার শিশু সন্তানেরা লেখাপড়া করে, এবং আমার বাচ্চারা সেই উদ্যানে খেলছে, যেখানে খেলে আমি বড় হয়েছি। আমাদের স্কুল এবং পার্কগুলোকে রক্ষা করা প্রয়োজন এবং আগামী প্রজন্মের শিশুদের জন্য একটি সুন্দর শিক্ষাগ্রন গড়ে তুলতে বর্তমান ধারার শিক্ষা প্রতিষ্ঠানগুলোকে এবং এদের উদ্যান গুলোকে আরো উন্নত করতে হবে। মাত্র ১৬ বছর বয়সে আমি কাজ শুরু করি। ৩১ বছর কর্মজীবনের ইতি টেনেছি যে প্রতিষ্ঠান থেকে সেটি হল পৃথিবীর বৃহৎ টেলি কমিউনিকেশন প্রতিষ্ঠানের একটি এবং আমি ছিলাম ওখানের গ্লোবাল সেলস এন্ড অপারেশনস্ এর পরিচালক। আমার কর্মকালে, আমার স্বামী ও আমি দুজনে আমার দুটি সন্তানকে চমৎকারভাবে গড়ে তুলি, বিকালে আমি বিদ্যালয়ে যেতাম এবং আমার নেইবাহরহুডের উন্নত আবাসন যাতে নিশ্চিত করা যায় সে ক্ষেত্রে যতটুকু সম্ভব আমি করতাম। আমার প্রতিবেশীকে যাতে স্থানীয় ব্যবসার সাথে সম্পৃক্ত হতে পারে সে লক্ষ্যে ২০০৫ সালে আমি স্টেশন রোড সিভিক প্রতিষ্ঠা করি। ২০০৯ সালে আমি ১০৯তম প্রেসিংস্ট কমিউনিটি কাউন্সিলের সভানেত্রী নির্বাচিত হই সেখানে নেইবাহরহুডের অধিকতর নিরাপদ জীবনের জন্য আমাকে কঠোর পরিশ্রম করতে হয়েছে। ব্যবসা থেকে অবসর নেয়ার পর আমি সিটি কাউন্সিলের জন্য কাজ করি এবং এর মাধ্যমে আমি শত শত লোকের সমস্যা সমাধানে এবং সরকারী চাকুরী প্রাপ্তিতে কার্যকর সহায়ক ভূমিকা পালন করি। কেহ যদি কখনো সাহায্যের জন্যে আমার শরণাপন্ন হতো আমি তখন ঐ দায়ীত্বটা ব্যক্তিগতভাবে নিতাম কারণ আমি কোন সম্প্রদায়ের সাথে নিজেকে যুক্ত করিনি কারণ আমি মনে করতাম একদিন আমাকে পাবলিক অফিসের জন্য নির্বাচন করতে হতে পারে; কারণ আমি এমন একটা সমস্যা এর আগেও দেখেছি। যাতে এই সমাধানগুলোতে কারো না কারো এগিয়ে আসার প্রয়োজন দেখা দেয়। কাউন্সিলে আমি সে মনোভাবটা তুলে ধরব; কঠোর পরিশ্রম ও কিছু করার প্রতিশ্রুতি এদের মধ্যে কোনটি সঠিক।

*প্রার্থী কর্তৃক প্রদেয় তথ্য অনুবাদ করে মুদ্রিত। ক্যাম্পেইন ফাইন্যান্স প্রোগ্রাম অংশগ্রহণ করছেন।*